ভোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা ১ কলাম ১

JUL 25 2002

ছাত্রীদের দাবি উপেক্ষিত

# ড. সুলতানা শফিকে প্রভোস্ট পদ থেকে অপসারণ করা হলো

কাগজ প্রতিবেদক : বিক্ষুব্ধ হলের ছাত্রীদের প্রবল দাবিকে উপেক্ষা করে অবশেষে প্রভোস্ট পদ থেকে অপসারণ করা হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের প্রভোস্ট ড. সুলতানা শফিকে।

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ১

## ড. সুলতানা শফিকে

● প্রথম পাতার পর

গতকাল ড. সুলতানা শফিসহ ২৮ জন ছাত্রীর বিরুদ্ধে রুম তছনছ, হুমকি প্রদান এবং টাকা-পয়সা ছিনতাইয়ের অভিযোগ এনে পেনাল কোডের ১৪৭ ধারায় মামলা করা হয়েছে। হলের জনৈক ছাত্র জান্নাতুল কানন বাদী হয়ে এই মামলা দায়ের করে বলে জানা যায়।

ড. সুলতানা শফির প্রভোস্ট পদের মেয়াদ পূর্ণ হতে মাত্র ১৫ দিন বাকি থাকলেও গত কয়েকদিন ধরে ছাত্রদলের ছাত্রী নেতা এবং হলের বিএনপি সমর্থক হাউজ টিউটররা তাকে পদত্যাগে বাধ্য করতে প্রভোস্টের রুমে তালা লাগিয়ে দেয়। এতে ক্ষুব্ধ হয়ে ওঠে সাধারণ ছাত্রীরা।

গতকাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুলতানা শফিকে অপসারণ করে তার স্থলে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক হাবীবা খাতুনকে প্রভোস্ট পদে নিয়োগ দেন।